গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
পরিবীক্ষণ ও মূল্যায়ন শাখা
www.bfid.gov.bd

**বিষয়: ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগের 'নৈতিকতা কমিটি'র ২১-১২-২০১৬ তারিখে অনুষ্ঠিত ৯ম সভার (২০১৬-১৭ অর্থবছরের ২য় সভা) কার্যবিবরণী।**

| | |
|---|---|
| সভাপতি | : জনাব মোঃ ইউনুসুর রহমান<br>সচিব, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ |
| তারিখ | : ২১ ডিসেম্বর, ২০১৬, বেলা ১২:০০ টা |
| স্থান | : অর্থ মন্ত্রণালয়ের সভাকক্ষ (কক্ষ নং-৩৩১, ভবন নং-৭)<br>বাংলাদেশ সচিবালয়, ঢাকা। |
| উপস্থিতি | : পরিশিষ্ট: **'ক'** |

ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ এবং আওতাধীন সংস্থা/প্রতিষ্ঠানসমূহে শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে নৈতিকতা কমিটি'র ৯ম সভা (২০১৬-১৭ অর্থবছরের ২য় সভা) ২১ ডিসেম্বর, ২০১৬ তারিখে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সচিব ও কমিটির সভাপতি জনাব মোঃ ইউনুসুর রহমান এর সভাপতিত্বে অর্থ মন্ত্রণালয়ের সভাকক্ষে অনুষ্ঠিত হয়।

২. সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানান। তিনি ব্যাংক, বীমা কর্পোরেশন, আর্থিক প্রতিষ্ঠান ও অন্যান্য সংস্থা ও প্রতিষ্ঠানসমূহ জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে ইতোমধ্যে গৃহীত পদক্ষেপসমূহের জন্য সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন।

৩. এ বিভাগের নৈতিকতা কমিটির সদস্য সচিব ও অতিরিক্ত সচিব (প্রশাসন) কর্তৃক গত ০৫-১০-২০১৬ তারিখে অনুষ্ঠিত কমিটির ৮ম সভার (২০১৬-১৭ অর্থ বছরের ১ম সভা) কার্যবিবরণী উপস্থাপন করা হলে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে কার্যবিরণীটি নিশ্চিত করা হয়।

৪. অতপরঃ অতিরিক্ত সচিব (প্রশাসন) ব্যাংক, বীমা সংস্থা ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার অক্টোবর ২০১৬ -ডিসেম্বর ২০১৬ ত্রৈমাসিকের অগ্রগতি পর্যালোচনা করেন। সংস্থা/প্রতিষ্ঠানসমূহ হতে প্রাপ্ত জুলাই ২০১৬-সেপ্টেম্বর ২০১৬ ত্রৈমাসিকের প্রতিবেদন পর্যালোচনান্তে বাংলাদেশ ব্যাংক, সোনালী ব্যাংক লিঃ, জনতা ব্যাংক লিঃ, অগ্রণী ব্যাংক লিঃ, রূপালী ব্যাংকলিঃ, বেসিক ব্যাংক লিঃ, বাংলাদেশ কৃষি ব্যাংক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, কর্মসংস্থান ব্যাংক, আনসার ভিডিপি উন্নয়ন ব্যাংক, ইনভেষ্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ, বাংলাদেশ হাউজ বিল্ডিং ফাইনান্স কর্পোরেশন, বাংলাদেশ ইন্সটিটিউট অব ক্যাপিটাল মার্কেট এর প্রতিবেদন নিয়ে আলোচনা করেন। সভায় উপস্থিত কর্মকর্তাগণ কর্মপরিকল্পার নতুন ছক পূরণের বিষয়ে বিবিধ সমস্যার কথা উল্লেখ করেন। এ বিষয়ে সার্বিক আলোচনান্তে সভাপতি মহোদয় ত্রৈমাসিক প্রতিবেদনটি প্রস্তুতের সঙ্গে জড়িত সংশ্লিষ্ট কর্মকর্তাদের নিয়ে একটি প্রশিক্ষণ জানুয়ারি ২০১৭ মাসের ১ম সপ্তাহের মধ্যে আয়োজনের জন্য অতিরিক্ত সচিব (প্রশাসন) কে নির্দেশনা প্রদান করেন।

৫। ০৬ নভেম্বর ২০১৬ তারিখ মন্ত্রিপরিষদ বিভাগ এবং জাপান আন্তর্জাতিক সহযোগী সংস্থা (জাইকা) এর যৌথ উদ্যোগে "Implimentation of National Integrity Strategy: Selected Good Practices" সংক্রান্ত একটি সেমিনার অনুষ্ঠিত হয়। সেমিনারে বিভিন্ন মন্ত্রণালয়ে Selected Good Practices সংক্রান্ত তথ্যাদি উপস্থাপন করা হয়। অতিরিক্ত সচিব (প্রশাসন) উক্ত সেমিনারের বরাতে সভায় উল্লেখ করেন যে, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগের আওতাধীন ব্যাংক,বীমা ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের অসংখ্য দৃষ্টান্তমূলক অনুকরণীয় উৎকৃষ্ট অনুশীলন রয়েছে। বর্তমান সরকারের 'রূপকল্প ২০২১' বাস্তবায়নের লক্ষ্যে ডিজিটাল বাংলাদেশ গড়ার প্রত্যয়ের অংশ হিসেবে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়সহ এর আওতাধীন সকল ব্যাংক, বীমা ও আর্থিক প্রতিষ্ঠানের মামলার বিস্তারিত তথ্য সম্বলিত 'কেইস ম্যানেজমেন্ট সিস্টেম' Case Management System (CMS) সফটওয়্যারটি অনুকরণীয় উৎকৃষ্ট অনুশীলন হিসেবে উল্লেখযোগ্য। সফটওয়ারটিতে ব্যাংক, বীমা ও আর্থিক প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট মামলাসমূহের সকল তথ্য-উপাত্ত অন্তভূক্ত থাকবে এবং রিপোর্ট আকারে মামলার তথ্য পাওয়া যাবে। সকল ব্যাংক, বীমা ও আর্থিক প্রতিষ্ঠান হতে নির্ধারিত টেমপ্লেটের মাধ্যমে তথ্য সংগ্রহ করে সফটওয়ারটিতে ডাটা ইনপুটের ব্যবস্থা রয়েছে। এ বিভাগ হতে সকল মামলাসমূহ নিবিড় মনিটরিং এর আওতায় নিয়ে আসার উদ্দেশ্যে 'কোর্ট কেইস ম্যানেজমেন্ট সিস্টেম' সফটওয়ারে ব্লিংকিং (পপ আপ) দেয়ার ব্যবস্থা রাখা হয়েছে। কোর্টে মামলার শুনানীর নির্ধারিত তারিখ মোতাবেক দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের ক্রমানুযায়ী সবুজ, হলুদ ও লাল রং এর ব্লিংকিং দেয়া হবে। একই সাথে মামলার বর্তমান অবস্থাসহ একটি এস,এম,এস দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের মোবাইল বা ই-মেইলে যাবে। এছাড়াও সোনালী ব্যাংক লিঃ ও জনতা ব্যাংক লিঃ রেমিটেন্স সংগ্রহ পদ্ধতির পরিবর্তন এবং কৃষি ঋণ বিতরণের ক্ষেত্রে যে দৃষ্টান্ত স্থাপন করেছে তা অনুকরণীয় উৎকৃষ্ট অনুশীলন উল্লেখ করে সভায় তার সংক্ষিপ্ত উপস্থাপন করেন। অগ্রণী ব্যাংক লিঃ, রুপালী ব্যাংক লিঃ, রাজশাহী কৃষি উন্নয়ন উন্নয়ন ব্যাংক এর কর্মকর্তাগণ তাঁদের নিজ নিজ প্রতিষ্ঠানের উল্লেখযোগ্য অনুকরণীয় উৎকৃষ্ট

অনুশীলনের কিছু উদাহরণ সভায় তুলে ধরেন।সভাপতি মহোদয় এতে সন্তোষ প্রকাশ করেন এবং উপস্থিত কর্মকর্তাগণকে স্ব স্ব প্রতিষ্ঠানের অনুকরণীয় উৎকৃষ্ট অনুশীলন সংক্রান্ত তথ্য এ বিভাগের প্রেরণের অনুরোধ করেন।

৬। মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত সোনার বাংলা গড়ার প্রত্যয় এর আলোকে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ সংশ্লিষ্ট (১) ঋণ খেলাপিদের বিরুদ্ধে দেউলিয়া আইনের কার্যকর প্রয়োগ (২) কর্পোরেট পরিচালন বিধি লঙ্ঘনকারীদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ (৩)'মাইক্রোক্রেডিট রেগুলেটরি অথরিটি'র পরিবীক্ষণ কার্যক্রম জোরদার করা এবং (৪) ইনশিওরেন্স ডেভেলপমেন্ট অ্যান্ড রেগুলেটরি অথরিটি'র (আইডিআরএ) কার্যক্রম জোরদার করার বিষয়ে সভায় আলোচনা করা হয় । তন্মধ্যে ঋণ খেলাপিদের বিরুদ্ধে দেউলিয়া আইনের কার্যকর প্রয়োগ এর বিষয়ে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগের ২০১৬-১৭ অর্থ বছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনায় দ্রুত মামলা রুজু এবং রায় প্রদান এর লক্ষ্যমাত্রা ৮০ নির্ধারণ নিয়ে অতিরিক্ত সচিব (প্রশাসন) সবার দৃষ্টি আকর্ষণ করেন। আলোচনায় জানানো হয় যে, জুলাই ২০১৬-সেপ্টেম্বর ২০১৭ ত্রৈমাসিকে লক্ষ্যমাত্রা ২০ এর বিপরীতে অর্জন হয়েছে মাত্র ৩টি। বিস্তারিক আলোচনান্তে সভাপতি মহোদয় এ লক্ষ্যমাত্রাকে উচ্চ লক্ষ্যমাত্রা হিসেবে মন্তব্য করে ভবিষ্যতে লক্ষ্যমাত্রা নির্ধারণের বিষয়ে অত্যন্ত সতর্ক হবার বিষয়ে নির্দেশনা প্রদান করেন।

৭। **বিস্তারিত আলোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ**

৭.১ ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগের আওতাধীন সকল সংস্থা/প্রতিষ্ঠানের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা এবং অগ্রগতি প্রতিবেদন প্রস্তুতের সঙ্গে জড়িত সংশ্লিষ্ট কর্মকর্তাদের নিয়ে একটি প্রশিক্ষণ জানুয়ারী ২০১৭ মাসের ১ম সপ্তাহের মধ্যে আয়োজন করতে হবে।

৭.২ ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগের আওতাধীন ব্যাংক,বীমা ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের দৃষ্টান্তমূলক অনুকরণীয় উৎকৃষ্ট অনুশীলনের তথ্যাদি নিম্নবর্ণিত ছকে এ বিভাগে ১৫-০১-২০১৭ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে।

| ব্যাংক/বীমা/আর্থিক প্রতিস্ঠানের নাম | নির্বাচিত উত্তম চর্চা (কার্যাবলী) | বাস্তবায়নের তারিখ। | বাস্তবায়ন পূর্বে সংশ্লিষ্ট কার্যক্রম সম্পন্ন হবার সময়সীমা। | বাস্তবায়ন পরবর্তী সম্পন্ন হবার সময়সীমা। | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |

৭.৩ ঋণ খেলাপিদের বিরুদ্ধে দেউলিয়া আইনের কার্যকর প্রয়োগ এর বিষয়ে ২০১৬-১৭ অর্থ বছরের কর্মপরিকল্পনায় ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ কর্তৃক প্রদত্ত দ্রুত মামলা রুজু এবং রায় প্রদান এর লক্ষ্যমাত্রা ৮০ হতে হ্রাস করে ২০টি করে এ বিভাগের জুলাই ২০১৬-জুন ২০১৭ অর্থবছরের সংশোধিত কর্মপরিকল্পনা মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে।

৭.৪ সকল সংস্থা/প্রতিষ্ঠানের শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন অগ্রগতি ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে এ বিভাগে প্রেরণ করতে হবে।

৮। পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বা/-
০৫.০১.২০১৭

**(মোঃ ইউনুসুর রহমান)**
সচিব
ও
সভাপতি, নৈতিকতা কমিটি
ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ।

নম্বর - ৫৩.০০.০০০০.২২০.০৬.০০২.১৭/০৫ তারিখ: ০৮জানুয়ারি ২০১৭

**বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
২। চেয়ারম্যান, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন, জীবন বীমা টাওয়ার, মতিঝিল বা/এ, ঢাকা।
৩। চেয়ারম্যান, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, ৩৭, দিলকুশা বা/এ, ঢাকা।
৪। এক্সিকিউটিভ ভাইস-চেয়ারম্যান, মাইক্রোক্রেডিট রেগুলেটরি অথরিটি, ৮ শহীদ সেলিনা পারভীন সড়ক, মগবাজার, ঢাকা।
৫। অতিরিক্ত সচিব (সকল), ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। যুগ্ম-সচিব (সকল), ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। সিইও এবং ব্যবস্থাপনা পরিচালক, সোনালী ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা।

৮। সিইও এবং ব্যবস্থাপনা পরিচালক, জনতা ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা।
৯। সিইও এবং ব্যবস্থাপনা পরিচালক, অগ্রণী ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা।
১০। ব্যবস্থাপনা পরিচালক, রূপালী ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা।
১১। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা।
১২। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
১৩। ব্যবস্থাপনা পরিচালক, বেসিক ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা।
১৪। ব্যবস্থাপনা পরিচালক, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
১৫। ব্যবস্থাপনা পরিচালক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, রাজশাহী।
১৬। ব্যবস্থাপনা পরিচালক, ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ, প্রধান কার্যালয়, ঢাকা।
১৭। ব্যবস্থাপনা পরিচালক, জীবন বীমা কর্পোরেশন, প্রধান কার্যালয়, ঢাকা।
১৮। ব্যবস্থাপনা পরিচালক, সাধারণ বীমা কর্পোরেশন, প্রধান কার্যালয়, ঢাকা।
১৯। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন, প্রধান কার্যালয়, ঢাকা।
২০। ব্যবস্থাপনা পরিচালক, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
২১। ব্যবস্থাপনা পরিচালক, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
২২। ব্যবস্থাপনা পরিচালক, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
২৩। পরিচালক, বাংলাদেশ ইনসিওরেন্স একাডেমী, ৫৩ মহাখালী বা/এ, ঢাকা।
২৪। ব্যবস্থাপনা পরিচালক, দি সিকিউরিটি প্রিন্টিং কর্পোরেশন (বিডি) লি., প্রধান কার্যালয়, গাজীপুর।
২৫। নির্বাহী প্রেসিডেন্ট, বাংলাদেশ ইনস্টিটিউট অব ক্যাপিটাল মার্কেট, ৩৪ তোপখানা রোড, ঢাকা।
২৬। ব্যবস্থাপনা পরিচালক, পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ), ভবন নং-ই-৪/বি, আগারগাঁও, ঢাকা।
২৭। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ মিউনিসিপল ডেভেলপমেন্ট ফান্ড, গ্রামীণ ব্যাংক ভবন, লেভেল-১৩, মিরপুর-২, ঢাকা।
২৮। ব্যবস্থাপনা পরিচালক, সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন, জেড হাউস, হোল্ডিং ৬/৬, ব্লক-এফ, লালমাটিয়া, ঢাকা।

০৮-০১-২০১৭
(মোঃ ফিরোজ উদ্দিন খলিফা)

উপসচিব
ও
শুদ্ধাচার ফোকাল পয়েন্ট
ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
ফোন- ৯৫৭৬০৪০
ই-মেইল: audit.bfid@gmail.com

নম্বর - ৫৩.০০.০০০০.২২০.০৬.০০২.১৭/০৫ তারিখ: ০৮জানুয়ারি ২০১৭

অনুলিপিঃ
০১। মন্ত্রিপরিষদ সচিব ,মন্ত্রিপরিষদ বিভাগ।
[**দৃষ্টি আকর্ষণঃ** খন্দকার সাদিয়া আরাফিন, সিনিয়র সহকারী সচিব, শুদ্ধাচার ও প্রশাসনিক সংস্কার শাখা]
০২। সচিবের একান্ত সচিব, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয় ।
০৩। প্রোগ্রামার, আইসিটি সেল, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ (ওয়েবসাইটে উপস্থাপনের জন্য)।
০৪। অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ।
০৫। অফিস কপি/মাষ্টার কপি।

(মোঃ ফিরোজ উদ্দিন খলিফা)
উপসচিব

**পরিশিষ্ট-ক**

| ক্রঃ নং | কর্মকর্তার নাম ও পদবী | প্রতিষ্ঠানের নাম |
|---|---|---|
| ১ | জনাব কামরুন নাহার আহমেদ, অতিরিক্ত সচিব | ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ |
| ২ | জনাব মানিক চন্দ্র দে, অতিরিক্ত সচিব | ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ |
| ৩ | জনাব মোঃ ফজলুল হক, অতিরিক্ত সচিব | ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ |
| ৪ | জনাব সালমা নাসরীন এনডিসি, অতিরিক্ত সচিব | ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ |
| ৫ | জনাব মোঃ কুদ্দুস খান, সদস্য | বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ |
| ৬ | জনাব শামস্-আল মুজাহিদ, যুগ্ম সচিব | ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ |
| ৭ | জনাব সৈয়দা নুরুন নাহার, যুগ্ম সচিব | ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ |
| ৮ | জনাব আহমেদুর রহিম, পরিচালক | বাংলাদেশ ইনসিওরেন্স একাডেমী |
| ৯ | জনাব আতাউর রহমান প্রধান, ব্যবস্থাপনা পরিচালক | রূপালী ব্যাংক লিঃ |
| ১০ | জনাব খোন্দকার মোঃ ইকবাল, ব্যবস্থাপনা পরিচালক | বেসিক ব্যাংক লিমিটেড |
| ১১ | জনাব মোঃ ইফতিখার-উজ-জামান, ব্যবস্থাপনা পরিচালক | ইনভেস্টমেন্ট কর্পোঃ অব বাংলাদেশ |
| ১২ | জনাব মুহম্মদ আউয়াল খান, ব্যবস্থাপনা পরিচালক | বাংলাদেশ কৃষি ব্যাংক |
| ১৩ | জনাব সৈয়দ আবু আসাদ, ব্যবস্থাপনা পরিচালক | রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক |
| ১৪ | জনাব মোঃ আবদুর রউফ, ব্যবস্থাপনা পরিচালক | কর্মসংস্থান ব্যাংক |
| ১৫ | জনাব মোহাম্মদ জালাল উদ্দিন, ব্যবস্থাপনা পরিচালক | আনসার ভিডিপি উন্নয়ন ব্যাংক |
| ১৬ | জনাব এ জেড এম সাখাওয়াত হোসেন, ব্যবস্থাপনা পরিচালক | সোশাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন |
| ১৭ | জনাব মনজুর আহমদ, ব্যবস্থাপনা পরিচালক | বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিঃ |
| ১৮ | জনাব সৈয়দ শাহরিয়ার আহসান, ব্যবস্থাপনা পরিচালক | সাধারণ বীমা কর্পোরেশন |
| ১৯ | জনাব মোঃ ফরহাদ হোসেন, ব্যবস্থাপনা পরিচালক | জীবন বীমা কর্পোরেশন |
| ২০ | জনাব মোঃ ফিরোজ উদ্দিন খলিফা, উপসচিব, | ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ |
| ২১ | জনাব সরদান নুরুল আমিন, উপ ব্যবস্থাপনা পরিচালক | সোনালী ব্যাংক লিমিটেড |
| ২২ | জনাব মোঃ নাজিম উদ্দিন, উপ ব্যবস্থাপনা পরিচালক | জনতা ব্যাংক লিমিটেড |
| ২৩ | জনাব কাজী ছানাউল হক, উপ ব্যবস্থাপনা পরিচালক | অগ্রণী ব্যাংক লিঃ |
| ২৪ | জনাব দেবাশীষ চক্রবর্তী, উপ ব্যবস্থাপনা পরিচালক | রূপালী ব্যাংক লিঃ |
| ২৫ | জনাব সঞ্জয় কুমার বনিক, উপ ব্যবস্থাপনা পরিচালক | প্রবাসী কল্যান ব্যাংক। |
| ২৬ | জনাব মুঈন উদ্দীন, উপ ব্যবস্থাপনা পরিচালক | পল্লী সঞ্চয় ব্যাংক |
| ২৭ | জনাব আব্দুল হান্নান জোয়াদার, নির্বাহী প্রেসিডেন্ট | বাংলাদেশ ইন্সটিটিউট অব ক্যাপিটাল মার্কেট |
| ২৮ | জনাব রুকসান চৌধুরী, নির্বাহী পরিচালক | বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন |
| ২৯ | জনাব মোঃ খুরশীদ আলম, মহাব্যবস্থাপক | বাংলাদেশ ব্যাংক |
| ৩০ | জনাব সাজেদুর রহমান, মহাব্যবস্থাপক | জনতা ব্যাংক লিঃ |
| ৩১ | জনাব মোঃ আব্দুল বাকী, মহাব্যবস্থাপক | বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিঃ |
| ৩২ | জনাব মোঃ রফিকুল ইসলাম, মহাব্যবস্থাপক | ইনভেস্টমেন্ট কর্পোঃ অব বাংলাদেশ। |
| ৩৩ | জনাব ড. দৌলতুন্নাহার খানম, মহাব্যবস্থাপক | বাংলাদেশ হাউজ বিল্ডিং ফাইনান্স কর্পোঃ |
| ৩৪ | জনাব মোঃ ইশতিয়াক মাহমুদ, মহাব্যবস্থাপক | সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন |
| ৩৫ | জনাব রিপন কুমার দেবনাথ, পরিচালক | বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন |
| ৩৬ | জনাব ড. তাপস কুমার বিশ্বাস, পরিচালক | পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন |
| ৩৭ | জনাব নাসির উদ্দিন আহমদ চৌধুরী, কোম্পানী সচিব | বাংলাদেশ মিউনিসিপল ডেভেলপমেন্ট ফান্ড |
| ৩৮ | জনাব এ এইচ এম নাজমুছ শাহাদাত, সচিব | বাংলাদেশ ইন্সুরেন্স একাডেমী। |
| ৩৯ | জনাব মোঃ রাশিদুল আহসান হাবিব, অফিসার | ইনসিওরেন্স ডেভেলপমেন্ট রেগুলেটরী একাডেমী |